গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.১০৭.১৪.০১১.২২- ২৩৩

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯ / ১২ মার্চ ২০২৩

**বিষয়: সিলেট সিটি কর্পোরেশন এলাকায় বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে প্রাপ্ত প্রস্তাবসমূহ পর্যালোচনা বিষয়ক সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।**

বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে সিলেট সিটি কর্পোরেশন হতে প্রাপ্ত ০৫ টি কোম্পানীর প্রকল্প প্রস্তাব পর্যালোচনার জন্য মন্ত্রণালয় পর্যায়ে গঠিত কমিটির আহ্বায়ক ও অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের সভাপতিত্বে গত ০৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি:** সভার কার্যবিবরণী ০৩ পৃষ্ঠা।

১২-০৩.২০২৩

শাফিয়া আক্তার শিমু
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০০৬৭৭
ই-মেইল:
urbandevelopment2@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা,
সিলেট সিটি কর্পোরেশন।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.১০৭.১৪.০১১.২২- ২৩৩

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯ / ১২ মার্চ ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব (নগর উন্নয়ন-৩ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রতিনিধি, Saudi-German Power Plant Limited
৫। প্রতিনিধি, Enduring Energy Limited
৬। প্রতিনিধি, Zharbiz International.
৭। প্রতিনিধি, Dp Clean Tech Bd
৮। প্রতিনিধি, Baraka Power Plant
৯। ব্যক্তিগত কর্মকর্তা, নগর উন্নয়ন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ।

১২-০৩.২০২৩

শাফিয়া আক্তার শিমু
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়:** সিলেট সিটি কর্পোরেশনের বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে দাখিলকৃত প্রস্তাব মন্ত্রণালয় পর্যায়ে যাচাই বাছাইয়ের লক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী<br>অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ (কক্ষ নং-৬০১), স্থানীয় সরকার বিভাগ। |
| তারিখ ও সময় | : | ০৬ ফেব্রুয়ারি ২০২৩, দুপুর ২.০০ ঘটিকা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি স্থানীয় সরকার বিভাগের নগর উন্নয়ন-২ শাখার সিনিয়র সহকারী সচিব শাফিয়া আক্তার শিমু-কে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২। শাফিয়া আক্তার শিমু সভাকে জানান যে, সিলেট সিটি কর্পোরেশনের বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে ৫টি প্রস্তাব পাওয়া যায়। প্রস্তাবসমূহ প্রাথমিকভাবে সিটি কর্পোরেশন পর্যায়ে যাচাই-বাছাই করা হয়। প্রস্তাবসমূহ বিদ্যুৎ বিভাগে প্রেরণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের বিদ্যমান কমিটি কর্তৃক যাচাই-বাছাইয়ের লক্ষ্যে এ সভা আহবান করা হয়। এ পর্যায়ে প্রস্তাব দাখিলকারী ৫টি প্রতিষ্ঠানের প্রতিনিধিকে ক্রমান্বয়ে তাদের প্রস্তাবনা উপস্থাপনের অনুরোধ জানানো হয়। উপস্থাপনায় প্রতিষ্ঠানসমূহের দাখিলকৃত প্রস্তাবনার নিম্নবর্ণিত উল্লেখযোগ্য বৈশিষ্টসমূহ চিহ্নিত করা হয়:

৩। Saudi-German Power Plant Limited

- প্ল্যান্ট স্থাপনের জন্য ১৩ একর জমির প্রয়োজন। প্রয়োজনীয় জমি কোম্পানী নিজ অর্থায়নে ক্রয় করবে।
- প্রস্তাবিত প্ল্যান্টের দৈনিক বর্জ্য পোড়ানোর ক্ষমতা ৮৭০ টন।
- উক্ত প্ল্যান্টে বর্জ্য পোড়ানোর ক্ষেত্রে Gasification Technology ব্যবহার করা হবে। এছাড়া By Product হিসেবে Water, oxyzen এবং Coke উৎপন্ন হবে।
- ঘন্টায় বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৩৩ মেগাওয়াট।
- কার্যক্রম সম্পন্ন করতে ২৪ মাস সময়ের প্রয়োজন হবে।

৪। Enduring Energy Limited

- প্লান্ট স্থাপনের জন্য ১২ একর জমি প্রয়োজন এবং প্রয়োজনীয় জমি সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক সংস্থান করতে হবে।
- প্রস্তাবিত প্ল্যান্টের দৈনিক বর্জ্য পোড়ানোর ক্ষমতা ৩৫০-৯৬০ টন।
- ঘন্টায় বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ২৪ মেগাওয়াট।
- কার্যক্রম সম্পন্ন করতে ১৮ মাস সময়ের প্রয়োজন হবে।

৫। Zharbiz International

- প্ল্যান্ট স্থাপনের জন্য ১২.৫ একর জমির প্রয়োজন এবং প্রয়োজনীয় জমি সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক সংস্থান করতে হবে।
- প্রস্তাবিত প্ল্যান্টের দৈনিক বর্জ্য পোড়ানোর ক্ষমতা ৫০০ টন।
- ঘন্টায় বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ১৫-২০ মেগাওয়াট।
- কার্যক্রম সম্পন্ন করতে ১৮-২২ মাস সময়ের প্রয়োজন হবে।

৬। Dp Clean Tech Bd

- প্ল্যান্ট স্থাপনের জন্য ১০ একর জমির প্রয়োজন এবং প্রয়োজনীয় জমি কোম্পানী সিলেট সিটি কর্পোরেশন হতে ইজারা নেয়া হবে।
- যদি সিলেট সিটি কর্পোরেশন জমি ইজারা দিতে না পারে সেক্ষেত্রে কোম্পানী জমি ক্রয় করবে।
- প্রস্তাবিত প্ল্যান্টের দৈনিক বর্জ্য পোড়ানোর ক্ষমতা ৩০০-৩৪০ টন।
- ঘন্টায় বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ১৫ মেগাওয়াট।
- কার্যক্রম সম্পন্ন করতে ১৮-২৪ মাস সময়ের প্রয়োজন হবে।

৭। Baraka Power Plant

- প্ল্যান্ট স্থাপনের জন্য ১০-১২ একর জমির প্রয়োজন এবং প্রয়োজনীয় জমি সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক সংস্থান করতে হবে।
- প্রস্তাবিত প্ল্যান্টের দৈনিক বর্জ্য পোড়ানোর ক্ষমতা ১২০ টন।
- ঘন্টায় বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৩ মেগাওয়াট।
- কার্যক্রম সম্পন্ন করতে ২৪ মাস সময়ের প্রয়োজন হবে।

৮। **পর্যালোচনা**

Saudia-German Power Plant Limited-এর দাখিলকৃত প্রস্তাবে দেখা যায়, প্ল্যান্ট স্থাপনের জন্য ১৩ একর জমির প্রয়োজন। তবে সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক প্রেরিত বিবরণীতে বলা হয়েছে, প্ল্যান্ট স্থাপনের জন্য উক্ত কোম্পানীর ২০ একর জমির প্রয়োজন। এছাড়া প্রস্তাবিত প্ল্যান্টের বর্জ্য পোড়ানোর ক্ষমতা দৈনিক ৪৩০ টন মর্মে সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক বিবরণীতে উল্লেখ রয়েছে। তবে কোম্পানীর প্রস্তাবে বর্জ্য পোড়ানোর ক্ষমতা দৈনিক ৮৭০ টন মর্মে উল্লেখ করা হয়েছে। সিলেট সিটি কর্পোরেশন হতে জানানো হয়েছে, উক্ত কোম্পানীর বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ঘন্টায় ১৬-১৭ মেগাওয়াট। কিন্তু কোম্পানীর প্রস্তাবে উল্লেখ রয়েছে, বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ঘন্টায় ৩৩ মেগাওয়াট। এছাড়া কোম্পানীর প্রস্তাবে ট্যারিফ মূল্য Usd 22 cents উল্লেখ রয়েছে। কিন্তু সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক প্রাপ্ত বিবরণীতে ট্যারিফ মূল্য Usd 20 cents দেয়া হয়েছে। এখানে জমি, বর্জ্য, বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা এবং ট্যারিফ মূল্যের বিষয়ে কোম্পানী এবং সিটি কর্পোরেশনের প্রস্তাবে অসামঞ্জস্যতা পরিলক্ষিত হয়। অন্য ৪ টি প্রতিষ্ঠান যথা: Enduring Energy Limited, Zharbiz International, Dp Clean Tech Bd এবং Baraka Power Plant-এর প্রস্তাবে জানিয়েছে, সিটি কর্পোরেশন কর্তৃক প্রয়োজনীয় জমি সংস্থান/ইজারা দেয়া হবে। কিন্তু সিটি কর্পোরেশন থেকে জানানো হয়েছে, বিদ্যুৎ প্ল্যান্ট স্থাপনের জন্য প্রয়োজনীয় ভূমি/জমি দেয়ার সামর্থ্য সিলেট সিটি কর্পোরেশনের নেই। তদপ্রেক্ষিতে Dp Clean Tech Bd এবং Baraka Power Plant কোম্পানীর প্রতিনিধি সভায় প্রয়োজনীয় জমি নিজ অর্থায়নে ক্রয় করার ইচ্ছা পোষণ করেন। এক্ষেত্রে যে সকল কোম্পানী নিজস্ব অর্থায়নে জমি ক্রয় করে প্ল্যান্ট স্থাপন করবে সে বিষয়ে জমির বিস্তারিত উল্লেখ করে পুনরায় সুস্পষ্ট প্রস্তাব এ বিভাগে প্রেরণ করতে হবে। এছাড়া, সিলেট সিটি কর্পোরেশনে বিদ্যমান বর্জ্যের গুণগতমান, বর্জ্য সংগ্রহের প্রক্রিয়া, নিয়মিত সংগ্রহের পরিমাণ এবং বর্জ্য সংগ্রহের ক্ষেত্রে প্রস্তাব দাখিলকারী প্রতিষ্ঠানের ভূমিকা ইত্যাদি বিষয়ও প্রস্তাবে উল্লেখ করতে হবে।

৯। **সিদ্ধান্ত**

সার্বিক আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৯.১। Saudia-German Power Plant Limited-এর দাখিলকৃত প্রস্তাব এবং সিলেট সিটি কর্পোরেশনের বিবরণীতে প্ল্যান্ট স্থাপনের জন্য প্রয়োজনীয় জমি, বর্জ্য, বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ও ট্যারিফ মূল্য সংক্রান্ত অসামঞ্জ্যতা দূরীকরণপূর্বক সিলেট সিটি কর্পোরেশন পত্র আকারে সুস্পষ্ট মতামত এ বিভাগে প্রেরণ করবে। উক্ত মতামত প্রাপ্তি সাপেক্ষে প্রস্তাবটি বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা যেতে পারে।

৯.২। অন্য ৪টি প্রতিষ্ঠান যথা: Enduring Energy Limited, Zharbiz International, Dp Clean Tech Bd এবং Baraka Power Plant কর্তৃক দাখিলকৃত প্রস্তাবের বিষয়ে সিলেট সিটি কর্পোরেশনের সাথে চূড়ান্তভাবে আলোচনা করে কে কিভাবে প্ল্যান্ট স্থাপনের জন্য জমি সংস্থান ও বর্জ্য সরবরাহ নিশ্চিত করবে তা উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ প্রকল্প প্রস্তাব পুনরায় সিলেট সিটি কর্পোরেশন-এর মাধ্যমে এ বিভাগে প্রেরণ করবে।

১০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তাং-২৮/০২/২০২৩খ্রি:
(মুস্তাকীম বিল্লাহ ফারুকী)
অতিরিক্ত সচিব(নগর উন্নয়ন)
স্থানীয় সরকার বিভাগ।

স্মারক নং: ৪৬.০০.০০০০.১০৭.১৪.০১১.২২-**২৩১**

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯ / ১২ মার্চ ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা ,সিলেট সিটি কর্পোরেশন।
৩। উপসচিব (সিটি কর্পোরেশন-১/২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৫। প্রতিনিধি, Saudi-German Power Plant Limited
৬। প্রতিনিধি, Enduring Energy Limited
৭। প্রতিনিধি, Zharbiz International.
৮। প্রতিনিধি, Dp Clean Tech Bd
৯। প্রতিনিধি, Baraka Power Plant
১০। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

১২.০৩.২০২৩

শাফিয়া আক্তার শিমু
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০০৬৭৭
ই-মেইল: urbandevelopment2@lgd.gov.bd